

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
বাজেট শাখা-০৪
ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

তারিখ: ৩ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৭ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০০০.০১৪.২৬.০০৭৯.২০.২২৪

বিষয়: সহকারী কমিশনার (ভূমি), গৌরনদী, বরিশাল এর অনুকূলে সরবরাহকৃত ডাবল কেবিন পিকআপের ০৪ (চার) টি টায়ার ক্রয়ের
জন্য অর্থ বরাদ্দ প্রদান।

সূত্র: ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং-৩১.০০.০০০০.০০০.০৫৬.১৮.০০০৭.২১.১২৯, তারিখ: ১৫-০৬-২০২৪ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে চলতি ২০২৪-২৫ অর্থবছরে “১৪৬০৪০২-উপজেলা ভূমি অফিসসমূহ” প্রাতিষ্ঠানিক কোডভুক্ত বরিশাল জেলাধীন গৌরনদী উপজেলা ভূমি অফিসের অনুকূলে সরবরাহকৃত ডাবল কেবিন পিকআপের ০৪ (চার) টি টায়ার ক্রয়ের ব্যয় নির্বাহের নিমিত্ত অর্থনৈতিক কোডের বিপরীতে “৩২৫৮-মেরামত ও সংরক্ষণ” খাতের অধীন “৩২৫৮১০১-মোটরযান” উপখাত হতে ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা নিম্নবর্ণিত শর্তে বরাদ্দ/ব্যয়ের মঞ্জুরি আদেশ নির্দেশক্রমে জারি করা হলো।

শর্তাবলী:

- এ সংশ্লিষ্ট প্রচলিত আর্থিক বিধি-বিধান ও আনুষ্ঠানিকতা অবশ্যই প্রতিপালন করতে হবে এবং সরকারি নির্দেশ অনুসরণ করতে হবে;
- অর্থ ব্যয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণ করতে হবে;
- এ ব্যয় ২০২৪-২৫ অর্থবছরে সংশ্লিষ্ট বাজেট বরাদ্দ হতে নির্বাহ করতে হবে, অতিরিক্ত বরাদ্দ দাবি করা যাবে না এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের ব্যয় মঞ্জুরী এড়ানোর উদ্দেশ্যে মোট মেরামত ব্যয় বিভাজন করা যাবে না;
- অব্যয়িত অর্থ যথানিয়মে সরকারি কোষাগারে জমা/সমর্পণ করে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;
- আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক বরাদ্দকৃত অর্থ খরচ করত: আগামী ৩০-০৬-২০২৪ তারিখের মধ্যে প্রকৃত ব্যয় বিবরণী আবশ্যিকভাবে ভূমি সংস্কার বোর্ডে প্রেরণ করতে হবে।

সংযুক্তি: ০২ (দুই) ফর্দ।

সকল সংযুক্তিসমূহ:

(১) ০২ (দুই) ফর্দ।

১৭-০৬-২০২৫
সাবরিনা সুলতানা
সহকারী ভূমি সংস্কার কমিশনার
০২৪১০১০৪৫৫
alrc4@lrb.gov.bd

সহকারী কমিশনার (ভূমি)
গৌরনদী, বরিশাল।

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০০০.০১৪.২৬.০০৭৯.২০.২২৪/১ (৭)

তারিখ: ৩ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৭ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, বরিশাল।
- ২। উপ-ভূমি সংস্কার কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
- ৪। চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, গৌরনদী, বরিশাল।
- ৬। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, গৌরনদী, বরিশাল।
- ৭। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, ভূমি সংস্কার বোর্ড।



১৭-০৬-২০২৫

সাবরিনা সুলতানা

সহকারী ভূমি সংস্কার কমিশনার